

**“Skills for Employment Investment Program (SEIP)” এর আওতায় দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহকে Notification of Award হস্তান্তর ও প্রশিক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠিত।**

SEIP প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1) প্রকল্পের আওতায় আগামী ৩ বছরে সারা দেশে ১০,২০০ জনকে (০৫টি সেক্টরে যেমন আইসিটি, গার্মেন্টস, লাইট ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ও ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিক্যাল মেইন্টিন্যান্সসহ মোট ১২ টি ট্রেড কোর্সে) Outsourcing এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নির্বাচিত ০৮টি প্রতিষ্ঠানকে Notification of Award হস্তান্তর ও প্রশিক্ষণ কার্যক্রমের শুভ



উদ্বোধনী অনুষ্ঠান ০৩/০১/২০১৬ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের প্রধান ভবনের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন বাংলাদেশ ব্যাংকের মাননীয় গভর্নর ড. আতিউর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ

ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব এস. সুর চৌধুরী।



কে.

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও SEIP প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক জনাব জালাল আহমেদ এবং অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও SEIP প্রকল্পের নির্বাহী প্রকল্প পরিচালক জনাব আব্দুর রউফ তালুকদার। এতদ্ব্যতীত, এসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের চেয়ারম্যান জনাব আনিস এ. খান এবং বাংলাদেশ লিজিং এন্ড ফাইন্যান্স কোম্পানীজ এসোসিয়েশনের চেয়ারম্যান জনাব মফিজউদ্দিন সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব নির্মল চন্দ্র ভক্ত এবং স্বাগত বক্তব্য রাখেন এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের মহাব্যবস্থাপক জনাব স্বপন কুমার রায়। অনুষ্ঠানে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীগণ, বাংলাদেশ ব্যাংক ও SDCMU, SEIP প্রকল্পের কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন নারী সংগঠনের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। চূড়ান্তভাবে নির্বাচিত ৮টি প্রতিষ্ঠান হচ্ছে- ১. MAWTS, ২. UCEP Bangladesh, ৩. TMSS, ৪. Creative IT Ltd, ৫. Uddipan, ৬. BIIT Engineers Ltd, ৭. Association of Grassroots Women Entrepreneures Bangladesh (AGWEB), ৮. Peace and Rights Development of Society (PRDS)। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে যুব সম্প্রদায়ের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমই খাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখার পাশাপাশি নতুন উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা। প্রকল্পের শর্তানুযায়ী নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে সফল প্রশিক্ষণীদের মধ্য হতে ন্যূনতম ৭০% কর্মসংস্থান নিশ্চিত করতে হবে।